# Times Today BD

শরিফুল ইসলাম | দেশজুড়ে | 10 May, 2025

গাজীপুরের শ্রীপুরে ফুটবল খেলার ঘটনায় ছুরিকাঘাতে জয় নামের দশম শ্রেণীর স্কুল ছাত্রের মৃত্যু হয়েছে।গতাকাল  শুক্রবার রাতে ১০টার দিকে শ্রীপুর পৌর এলাকার ৩নং ওয়ার্ডের লোহাগাছ ফালু মার্কেট সংলগ্ন সামু সরকার  মার্কেট এলাকায়  এ ঘটনা ঘটে।

নিহত  জয় (১৫) ওই গ্রামের মোহাম্মদ বোরহান উদ্দিনের ছেলে।সে শ্রীপুর উপজেলার টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং স্কুলের ১০ম শ্রেণীর ছাত্র। এঘটনায় পুলিশ রাতেই মোজাম্মেলের বাবা  সিদ্দিকুর রহমানকে আটক করেছে।

অপর দিকে জয়ের মৃত্যুর খবরে উত্তেজিত এলাকা বাসী মধ্য রাতে মোজাম্মেল হকের বাড়িতে আগুন লাগিয়ে দেয়।এতে ৩টি টিনশেট ঘর পুড়ে যায়।

নিহতের বাবা জানান, শুক্রবার রাত ১০টার দিকে লোহাগাছ সরকার মার্কেট এলাকায় বল খেলা নিয়ে জয়ের সাথে একই এলাকার সিদ্দিকুর রহমানের ছেলে মোজাম্মেল হকসহ তার বন্ধুদের কথা কাটাকাটি হয়।এক পর্যায়ে মোজাম্মেল বাড়ি থেকে ছুড়ি এনে জয়কে ছুড়িকাঘাত করে পালিয়ে যায়।স্থানিয়রা জয়কে উদ্ধার করে শ্রীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠায়।অবস্থা আশংঙ্কা জনক হওয়ায় চিকিৎসকরা তাকে গাজীপুরের শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ হাসপাতলে রেফার্ড করেন।সেখানে চিকিৎসাধীন অবস্থায় রাত ১২ টার দিকে তার মৃত্যু হয়।

শ্রীপুর থানার অফিসার ইনচার্জ  জয়নাল আবেদীন মন্ডল বলেন,খবর পেয়ে সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে রাতেই পুলিশ পাঠানো হয়।এ ঘটনার স্থল থেকে  একজনকে আটক করা হয়েছে।এ ঘটনায়  চার জন কে আসামি করে একটি হত্যা মামলা হয়েছে।

সিংঃঃ- জয়নাল আবেদীন মন্ডল  অফিসার্স ইনচার্জ শ্রীপুর মডেল থানা

গাজীপুর ছুরিকাঘাত পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:23

URL: https://www.timestodaybd.com/across-the-country/3116262233